

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.mohfw.gov.bd

স্মারক নং-স্বাঃপকম/প্রশা-১/এডি/সি-০১/২০১২/ ২৭

তারিখঃ ০৬/০১/২০১৫ খ্রিষ্টাব্দ  
২০/০৯/১৪২১ বঙ্গাব্দ

বিষয়ঃ ঝালকাঠি সিভিল সার্জন অফিস ও তার নিয়ন্ত্রণাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে সরাসরি নিয়োগযোগ্য ৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদ পূরণের লক্ষ্যে  
ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।


সূত্রঃ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং-স্বাঃ অধিঃ/প্রশা-২/ছাড়পত্র-১১/বরিঃবিঃ/২০১১/৫৭৫৪, তারিখঃ ১৪/১২/২০১৪খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬. ০২২.০০. ০০.০৪৪.১৯৮৮-১৩৫৬(২৫০) সংখ্যক পরিপত্র ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২০/০৩/২০১২ তারিখের স্বাঃপকম/প্রশা-১/২সি- ০৭/২০০৬(অংশ-১)/৪৪৪ সংখ্যক স্মারকের নির্দেশনা মোতাবেক প্রচলিত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক ঝালকাঠি জেলার সিভিল সার্জন অফিস ও তার নিয়ন্ত্রণাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে সরাসরি নিয়োগযোগ্য ৩য় ও ৪র্থ শ্রেণির মোট ০৬(ছয়)টি শূন্য পদের মধ্যে ১০% হারে ১টি পদ সংরক্ষণ করত নিম্নোক্ত (০৬-০১)টি= ০৫(পাঁচ)টি পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে নিম্নে-বর্ণিত শর্ত সাপেক্ষে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হল এবং নিয়োগের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

প্রতিষ্ঠানের নাম	ক্রমিক নং	পদের নাম	প্রস্তাবিত পদের সংখ্যা	ছাড়কৃত পদের সংখ্যা	১০% হারে সংরক্ষিত পদ
ঝালকাঠি জেলার সিভিল সার্জন অফিস ও তার নিয়ন্ত্রণাধীন বিভিন্ন প্রতিষ্ঠান	১	সিকিউরিটি গার্ড	০২টি	২টি	
	২	ঝাড়ুদার	০৪টি	৩টি	০১টি
		মোট ০৬(ছয়)টি		০৫(পাঁচ)টি	০১(এক)টি

শর্তাবলী:

- (১) নিয়োগ বিধি ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) অস্থায়ী পদসমূহ (যদি থাকে) হালনাগাদ সংরক্ষণ করতে হবে;
- (৩) পদোন্নতিযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
- (৪) জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে মন্ত্রণালয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;
- (৫) প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যায় কোন গড়মিল/তারতম্য হলে সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং তথ্য প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন।

  
(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৫  
sasadmin1@mohfw.gov.bd

মহাপরিচালক  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)।

অনুলিপিঃ

- ১। সিভিল সার্জন, ঝালকাঠি।
- ২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। যুগ্মসচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।